

বেসরকারি প্রাথমিক স্কুলে আজ শিক্ষক ধর্মঘট, বলবে তাল দাবি চাকরি জাতীয়করণ

■ ইত্তেফাক রিপোর্ট

চাকরি জাতীয়করণের দাবি পূরণ না হওয়ায় দেশের ২৪ হাজার বেসরকারি স্কুলে আজ রবিবার তাল খুলিয়ে ধর্মঘট পালন করবে শিক্ষকরা। শিক্ষার্থীদের আগেই বিষয়টি জানানো হয়েছে আগামীকালও ধর্মঘট পালন করবে শিক্ষকরা। ১৪ থেকে ১৯ জানুয়ারি দাবি আদায়ের কর্মবিরতি পালন করবে শিক্ষকরা। পৃষ্ঠা ১৯ কলাম ১

বেসরকারি প্রাথমিক

প্রথম পৃষ্ঠার পর

প্রাথমিক শিক্ষক সমিতি একা পরিষদের চেয়ারম্যান মোহাম্মদ সামসুল আলম বলেন, দীর্ঘদিন ধরে আন্দোলন চললেও বেসরকারি স্কুলের শিক্ষকদের চাকরি জাতীয়করণ করা হয়নি। তিনি বলেন 'দাবি পূরণ না হলে আমাদের কর্মসূচি কঠোর থেকে কঠোরতম হবে।' শিক্ষক নেতারা জানান, সারাদেশ ২৪ হাজার বেসরকারি প্রাথমিক রেজিস্টার্ড বিদ্যালয় রয়েছে। এসব প্রতিষ্ঠানে প্রায় এক লাখ শিক্ষক কর্মরত রয়েছেন। বেসরকারি প্রাথমিক শিক্ষক সমিতি বাংলাদেশ (সামসুল-মুগেন), বেসরকারি প্রাথমিক শিক্ষক সমিতি (নাসির-বাকু), বাংলাদেশ রেজিস্টার্ড প্রাথমিক শিক্ষক সমিতি (এনফেত-মালান) ও বাংলাদেশ রেজিস্টার্ড প্রাথমিক শিক্ষক সমিতি (হাফিজ-মাহবুব)- এই চারটি সংগঠন একা পরিষদের ব্যানারে চাকরি জাতীয়করণের দাবিতে এই আন্দোলন চালিয়ে আসছে।